

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[ভ্যাট বিভাগ]

আদেশ

সাধারণ আদেশ নং-০২/মূসক/২০১৭

তারিখঃ ১৮ জ্যৈষ্ঠ, ১৪২৪ বঙ্গাব্দ / ০১ জুন, ২০১৭ খ্রিস্টাব্দ।

মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ৩৩ এ করযোগ্য সরবরাহের উপর মূসক প্রদানকাল সংক্রান্ত বিধান বিধৃত হইয়াছে। বিষয়টির অধিকতর স্পষ্টীকরণের নিমিত্তে নিম্নরূপ আদেশ প্রদান করা হইলো, যথা:—

০২। মূসক প্রদান করা হয় পণ্য বা সেবার সরবরাহের উপর। সরবরাহ অর্থ হইলো পণ্য বা সেবা বিক্রয় বা অন্যবিধভাবে হস্তান্তরিত হওয়া। ক্রয়-বিক্রয়ের সাধারণ রীতি অনুযায়ী ক্রমাগতভাবে ক্রয়-বিক্রয় হইতে থাকে। ভিন্নরূপ কোনো বিধান না থাকিলে, প্রতিটি ক্রয়-বিক্রয়ের উপর মূসক প্রদেয় হয়। কিন্তু অর্থনৈতিক কর্মকাণ্ডের বহুবিধ প্রকৃতি এবং জমা প্রদানের জটিলতা বিবেচনায় প্রতিটি ক্রয়-বিক্রয় সংঘটিত হওয়ার সময় অনেক ক্ষেত্রে সরকারি কোষাগারে মূসক পরিশোধ করা সম্ভব হয় না। তাই, মূসক প্রদেয় হয় এক সময়ে, আর উহা সরকারি কোষাগারে পরিশোধ করিতে হয় আর এক সময়ে।

০৩। মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৩৩(১) এ এই মর্মে বিধান করা হইয়াছে যে, তিনটি কার্যের মধ্যে কোনো একটি কার্য সংঘটিত হইলেই উক্ত সরবরাহের উপর মূসক প্রদেয় হইবে। তিনটি কার্য হইলো সরবরাহ প্রদান, সরবরাহ সংক্রান্ত চালানপত্র ইস্যু এবং পণের আংশিক বা সমুদয় গ্রহণ। এই কার্যসমূহ সব সময় ধারাবাহিকভাবে সংঘটিত হয় না বা একত্রে সংঘটিত হয় না। এক এক সময়ে এক এক ধারাবাহিকতায় এবং কখনো একত্রে এবং কখনো পৃথকভাবে সংঘটিত হয়। এই তিনটি কার্যের মধ্যে কোনো একটি কার্য সংঘটিত হইলেই উক্ত সরবরাহের উপর মূসক প্রদেয় হয়। তবে, মূসক পরিশোধ করিতে হয় আরো পরে—সংশ্লিষ্ট কর মেয়াদের দাখিলপত্র দাখিল করিবার পূর্বে।

০৪। মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৩৩(২) এ এই মর্মে বিধান করা হইয়াছে যে, যখন আনুক্রমিক বা পর্যাবৃত্ত সরবরাহ সংঘটিত হইবে, তখন মূসক প্রদান সংক্রান্ত বিধান ভিন্নতর হইবে। আনুক্রমিক সরবরাহ হইলো ক্রমাগতভাবে প্রদান করা হয় এইরূপ সরবরাহ। যেমন: বিদ্যুৎ সরবরাহ। পর্যাবৃত্ত সরবরাহ হইলো নির্দিষ্ট সময় অন্তর প্রদান করা হয় এইরূপ সরবরাহ। আনুক্রমিক বা পর্যাবৃত্ত সরবরাহের ক্ষেত্রে নির্দিষ্ট সময়ের সরবরাহের জন্য একটি চালানপত্র ইস্যু করা হয়। এইরূপক্ষেত্রে প্রতিটি চালানপত্রের সহিত সংশ্লিষ্ট সরবরাহ একটি সরবরাহ হিসাবে গণ্য হইবে। এইরূপ সরবরাহের ক্ষেত্রে মূসক প্রদেয় হইবে চালানপত্র ইস্যু করিবার সময় অথবা পণের আংশিক বা সমুদয় গ্রহণ করিবার সময় অথবা মূল্য প্রদেয় হওয়ার সময় অথবা পণ সংশ্লিষ্ট কর মেয়াদের প্রথম দিন, যদি প্রদেয় পণের পরিমাণ নিশ্চিত হওয়া যায়। মূসক প্রদেয় হওয়ার সাথে সাথেই উহা পরিশোধ করিতে হয় না—সংশ্লিষ্ট কর মেয়াদের দাখিলপত্র পেশ করিবার পূর্বে উহা পরিশোধ করিতে হয়।

০৫। মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৩৩(৩) এ এই মর্মে বিধান করা হইয়াছে যে, ধারা ৩৩ এর উপ-ধারা (২) এ যাহা কিছুই থাকুক না কেন বিতরণ নেটওয়ার্কের মাধ্যমে কোনো পণ্য বা সেবার আনুক্রমিক বা পর্যাবৃত্তিক সরবরাহ প্রদান করা হইলে সরবরাহের চালানপত্র ইস্যুর ৯০ (নব্বই) দিনের মধ্যে মূসক পরিশোধ করিতে হইবে। চালানপত্র ইস্যুর পর ভোক্তার নিকট হইতে পণ আদায়ের জন্য এই সময় দেওয়া হইয়াছে। আমাদের দেশে পানি, বিদ্যুৎ, গ্যাস বা তেল ইত্যাদি পণ্য হইল আনুক্রমিক সরবরাহের উদাহরণ। এই ধরনের পণ্য ও সেবার ক্ষেত্রে চালানপত্র ইস্যুর ৯০ (নব্বই) দিনের মধ্যে মূসক পরিশোধ করিতে হইবে এবং যে কর মেয়াদে মূসক পরিশোধ করা হইয়াছে সেই কর মেয়াদের দাখিলপত্রে উহা প্রদর্শন করিতে হইবে।

০৬। মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৩৩ এর উপ-ধারা (২) ও উপ-ধারা মোতাবেক কোনো পণ্য বা সেবার আনুক্রমিক বা পর্যাবৃত্তিক সরবরাহ প্রদানকারীকে মূসক পরিশোধকালে ধারা ৪৫ অনুযায়ী প্রদেয় নীট কর নিব্বপণপূর্বক তাহা কর মেয়াদের দাখিলপত্র পেশ করিবার পূর্বে, নির্ধারিত পদ্ধতিতে পরিশোধ করিতে হইবে।

০৭। মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ১১৮ক অনুসারে এই আদেশ জারি করা হইল।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

মোঃ নজিবুর রহমান

চেয়ারম্যান